বলো বলো, বন্ধু, বলো  তিনি তোমার কানে কানে
নাম ধরে ডাক দিয়ে গেছেন  ঝড়-বাদলের মধ্যখানে।।
স্তব্ধ দিনের শান্তিমাঝে  জীবন যেথায় বর্মে সাজে
বলো সেথায় পরান তিনি  বিজয়মাল্য তোমার প্রাণে।
বলো তিনি সাথে সাথে  ফেরেন তোমার দুখের টানে।।
বলো বলো, বন্ধু, বলো  নাম বলো তাঁর যাকে তাকে–
শুনুক তারা ক্ষণেক থেমে  ফেরে যারা পথের পাকে।
বলো বলো তাঁরে চিনি  ভাঙন দিয়ে গড়েন যিনি–
বেদন দিয়ে বাঁধো বীণা  আপন-মনে সহজ গানে।
দুখীর আঁখি দেখুক চেয়ে  সহজ সুখে তাঁহার পানে।।

---